



Arunima Choudhury's Landscapes Are Inspired By Fantasy And Hence Portray A Dream-Like Quality

## ভেষজ রঙের টানে অরুণিমা স্বতন্ত্র ছবিমালা!

Reshmi Pramanik | EiSamay.Com Updated: 16 Jun 2020, 10:10:00 PM

ভেষজ রঙেই আমার ভুবন ফুটিয়ে তুললেন শিল্পী অরুণিমা চৌধুরী



অরুণিমা চৌধুরী

### হাইলাইটস

- নন্দলাল তাঁর অনুপ্রেরণা।
- শান্তিনিকেতনের শিল্পীদের স্বতন্ত্র শিল্পচর্চার ধারা
- এবং রবীন্দ্রনাথের নান্দনিক চিন্তা তাঁকে গভীরভাবে প্রভাবিত করে

**এই সময় জীবনযাপন ডেস্ক:** এই লকডাউনে সবাই নিজের মতো করে সময় কাটাচ্ছেন। আসলে আমাদের সকলের এখন ভালো থাকাটা খুব জরুরি। যে কারণে আরও বেশি করে পছন্দের কাজের মধ্যে থাকা দরকার। শিল্পী অরুণিমা চৌধুরী প্রকৃতি ভালোবাসেন। কলকাতার পাঠভবন স্কুলে বহুদিন তিনি শিক্ষকতা করেছেন। নন্দলাল তাঁর অনুপ্রেরণা। শান্তিনিকেতনের শিল্পীদের স্বতন্ত্র শিল্পচর্চার ধারা এবং রবীন্দ্রনাথের নান্দনিক চিন্তা তাঁকে গভীরভাবে প্রভাবিত করে। তাঁদের বিকল্প আধুনিকতাবাদের ভাবনা এবং আধুনিক শিল্পচর্চায় বিভিন্ন কারিগরি প্রকরণ ও মাধ্যমের ব্যবহার নিয়ে তিনি খুব উৎসাহিত ছিলেন। সেখান থেকেই হাতে তৈরি কাগজের উপর দীর্ঘ ১৫ বছর ধরে ভেষজ রং নিয়ে তিনি নিরন্তর পরীক্ষা নিরীক্ষা করে চলেছেন। ভেষজ রং ছবিতে আনে স্পর্শবোধ এবং সতেজতা। এই নিয়েই অনলাইন প্রদর্শনীতে তাঁর আঁকা ছবির নাম দিলেন আমার ভুবন। ফুটিয়ে তুললেন নিরবচ্ছিন্ন প্রকৃতিকে। ছবির নাম দিলেন নীলিমা, মা ও শিশু, বিকশিত প্রকৃতি, সূর্যমুখী, প্রকৃতির বাগান, পরিযায়ী। এই সিরিজে তাঁর মোট ১০ টি আঁকা রয়েছে।

## নীলিমা

প্রকৃতিকে কখনো দেখি এক কল্পিত রমণী। তার সরল রূপাকৃতি এবং কোমল, সতেজ অথচ দূরতর নীল রঙের পরত আমাদের চোখ টানে। এই উজ্জ্বল সতেজ ভাব সম্ভব হয় ভেষজ রঙের সুচিন্তিত ব্যবহারে।

## মা ও শিশু

মা ও শিশু শিল্পের ইতিহাসের এক চিরন্তন বিষয়। মা তার শিশুকে খাওয়ায়, যত্ন করে, আগলে রাখে। প্রকৃতি কে তাই আমরা একজন যত্নশীল মায়ের রূপে দেখি। ছবিতে মা যেভাবে শিশুকে তার সতর্ক দৃষ্টিতে আগলে রেখেছেন তাতে ফুটে উঠেছে সন্তানের জন্য বাংলার সকল স্নেহশীল পিতামাতার সেই চিরকালীন আকৃতি ‘ আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

## বিকশিত প্রকৃতি

মাতৃত্ব কে অনেক সময় বিকশিত, প্রস্ফুটিত প্রকৃতির সঙ্গে কল্পনা করা হয়ে থাকে। ফুলের উৎসবে প্রকৃতিতে আনন্দের রেশ ছড়িয়ে পড়ে। ছবিতে দেখি ফুলের সমারহের আড়ালে একাকী রমণী বসে আছে, তার হাত দুটি ভাঁজ করা, আত্মমগ্ন, বুঝি কোন চিন্তায় ডুবে।

## সূর্যমুখী

অরুণিমা রবীন্দ্রনাথ, বিনোদবিহারী, নন্দলালের শিল্পাদর্শ ও প্রকৃতি ভাবনার একান্ত অনুসারী। কিন্তু, আরেকজন শিল্পী যার শিল্পকর্মের গভীর প্রভাব তার

मध्ये देखते पाई तिनि किंवदन्ति शिल्ली भ्यान गघ् यार अनन्य प्रकृति विषयक छवि पश्चिमी भूदृश्ये इतिहास बदले दियेछिल ।



शिल्ली अरुणिमा चोधुरी

### प्रकृतिर बागान

ये शिल्ली अरुणिमार मध्ये आछेन तिनि एकजन माली। माली येमन बागान करे, तेमनि अरुणिमार छवि आँका। हाते तैरी कागज तार माँटि आर प्रकृति थेके तैरी भेषज रङ्ग होल आलो आर जल।

### भूँटा खेत

प्रत्येक शिल्लीर निजस्व आङ्गिक वा शिल्लीरीति থাকे। अनेकटा निजेर हस्तस्करे मत। अरुणिमा तार निजस्व टान टोनेर कौशले फुँटिये तुलेछेन छन्दोमय भूँटा खेतरे छवि।

### बागाने एकटि मेये

अरुणिमार प्रकृति कल्लनार गभीरे रयेछे एकटि नारीरूप। नारी ओ प्रकृति एक अछेद्य बन्कने बाँधा। छवितेओ येमन, बागान एवं मेयेटि मिलेमिसे आछे, अतिन।

### मा

मादार टेरेसा एई पीडित पृथिवीर मा; त्याग, बालोबासा ओ सेवाधर्मेर

চিরন্তন প্রতীক। তার উজ্জ্বল ব্যক্তিত্ব আকৃষ্ট করেছে মকবুল ফিদা হুসেন সহ বহু শিল্পীকে। এই ছবি অরুণিমা শ্রদ্ধা মাদারের প্রতি।

### **পরিযায়ী**

যখন করোনা অতিমারীর জন্য দেশ জুড়ে লকডাউন জারি হয়, তখন দেশের নানা শহরে আটকে থাকা পরিযায়ী শ্রমিকরা পায়ে হেঁটে ঘরে ফিরেছিল। খাদ্য-সহায়হীন, নিরাপত্তাহীন বিপন্ন মানুষের মাইল মাইল পথচলা, তাদের অমানুষিক পথকষ্ট, যন্ত্রণা ও মৃত্যু আমাদের মনুষ্যত্বের শিকড় ধরে নাড়া দিয়েছিল। শিল্পীকেও ছুঁয়েছিল মানুষের কষ্ট। তাদের রক্ত তার ছবিকেও স্পর্শ করেছিল।

### **জীবন হয় সুন্দর**

চারটি আধা বিমূর্ত ছবির একটি সিরিজ। প্রকৃতি ও মানুষের অচ্ছেদ্য মিলন, পূর্ণতার প্রকাশ। আসলে সুখী ও সুন্দর জীবন তো প্রকৃতির সঙ্গে ছন্দ মিলিয়ে চলারই জীবন।

অনলাইন প্রদর্শনী চলছে ইমামি আর্টে। শুরু হয়েছে ৫ জুন। চলবে ৩০ জুন পর্যন্ত।

অরুণিমা চৌধুরীর ছবিগুলি দেখতে [ক্লিক করুন](#)

<https://eisamay.indiatimes.com/lifestyle/live-your-dreams/arunima-choudhurys-landscapes-are-inspired-by-fantasy-and-hence-portray-a-dream-like-quality/articleshow/76393013.cms>